

EDUTOUCH COACHING INSTITUTE

(A Unit of Edutouch Welfare Foundation, Registered Under Govt. of India)

সরকারি চাকরির প্রস্তুতির এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Weekly Current Affairs – 26th – 31st Aug' 2025

জাতীয় ঘটনাবলি

1. ঔপনিবেশিক যুগের সামুদ্রিক আইনগুলিকে সংস্কার এবং নীল অর্থনীতিকে উৎসাহিত ও শক্তিশালী করতে 5 টি সামুদ্রিক বিল পাস করল ভারতীয় সংসদ। বিলগুলি হল- 1) বিল অফ লেডিং 2025, 2) দ্য ক্যারেজ অফ গুডস বাই সি বিল 2025, 3) দ্য কোস্টাল শিপিং বিল 2025, 4) দ্য মার্চেন্ট শিপিং বিল 2025 এবং 5) ইন্ডিয়ান পোর্টস বিল 2025.
2. কো-অপারেটিভ ব্যাঙ্কগুলির জন্য New Aadhaar Framework উন্মোচন করেছে UIDAI। দ্রুত, নিরাপদ গ্রাহক সংযোগকে উৎসাহিত করে এবং সরকারি ভর্তুকি এবং কল্যাণমূলক অর্থ সরাসরি সমবায় ব্যাংক অ্যাকাউন্টে জমা করার ক্ষেত্রে এই নিয়ম কার্যকরী হবে।
3. থাইল্যান্ডের ফুকেতে অনুষ্ঠিত 23তম AIBD সাধারণ সম্মেলনে 2025-27 মেয়াদের জন্য এশিয়া-প্যাসিফিক ইনস্টিটিউট ফর ব্রডকাস্টিং ডেভেলপমেন্ট (AIBD) Executive Board-এর কার্যনির্বাহী চেয়ারম্যান হিসেবে নিযুক্ত হলো ভারত।
4. 1977 সালে UNESCO-র পৃষ্ঠপোষকতায় প্রতিষ্ঠিত, এশিয়া-প্যাসিফিক ইনস্টিটিউট ফর ব্রডকাস্টিং ডেভেলপমেন্ট (AIBD)-একটি আঞ্চলিক আন্তঃসরকারি সংস্থা। বর্তমানে সদস্য দেশের সংখ্যা 45টি। ভারত AIBD-এর প্রতিষ্ঠাতা সদস্য এবং প্রসার ভারতী ইন্ডিয়ান পাবলিক সার্ভিস ব্রডকাস্টার সংস্থাটিতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধিত্ব করে। ভারত পূর্বে 2016 সালে এই সংস্থার চেয়ারম্যান হয়েছিল।
5. 02 থেকে 04 সেপ্টেম্বর নয়াদিল্লির যশোভূমিতে 4th SEMICON India 2025-এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।
6. 28th National Conference on e-Governance অনুষ্ঠিত হবে বিশাখাপত্তনমে।
7. কৃষি রপ্তানি বৃদ্ধির জন্য পাটনা, রায়পুর এবং দেহাদুনে নতুন আঞ্চলিক অফিস খুলবে Agricultural and Processed Food Products Export Development Authority (APEDA)।
8. International Public Health Research Meeting অনুষ্ঠিত হল নিউ দিল্লীতে। Department of Health Research ও Indian Council of Medical Research (ICMR) দুইদিন ব্যাপী এই মিটিং আয়োজন করেছে।
9. উপরাষ্ট্রপতি নির্বাচনের জন্য 2 জন পর্যবেক্ষক নিযুক্ত করেছে ভারতের নির্বাচন কমিশন। পঞ্চায়েতি রাজ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সুশীল কুমার লোহানি এবং অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ডি. আনন্দনকে নিযুক্ত করা হয়েছে। এটি হবে 17তম উপরাষ্ট্রপতি নির্বাচন। পূর্ববর্তী উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় স্বাস্থ্যগত কারণ দেখিয়ে পদত্যাগপত্র জমা দেন। লোকসভা এবং রাজ্যসভার সদস্যদের নিয়ে গঠিত ইলেক্টোরাল কলেজ দ্বারা উপরাষ্ট্রপতি নির্বাচিত হন। NDA জোট সিপি রাধাকৃষ্ণকে এবং বিরোধী দল INDIA ব্লক সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি বি.সুদর্শন রেড্ডিকে উপরাষ্ট্রপতি পদপ্রার্থী করেছে।
10. কৃষকদের Real-Time Advisory Services প্রদান করতে ভারত ইলেকট্রনিক্স লিমিটেড (BEL)-এর সাথে MoU স্বাক্ষর করল কর্ণাটক। এর উদ্দেশ্য - উৎপাদিত ফসলের তথ্য, আবহাওয়ার পূর্বাভাস এবং সরকারি পরিকল্পনাগুলিকে কৃষকদের কাছে প্রচার করা।
11. অরুণাচল প্রদেশের আঞ্জা জেলায় লোহিত নদীর উপর 1200 মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন Kalai-II জলবিদ্যুৎ প্রকল্প তৈরি করা হচ্ছে।
12. রাজ্যের পৌর কর্মচারীদের জন্য 1 কোটি টাকার জীবন বীমা ঘোষণা করেছে অন্ধ্রপ্রদেশ সরকার।
13. অরুণাচল প্রদেশে যোগাযোগ ব্যবস্থা জোরদার করতে Bharti Airtel-এর সাথে MoU স্বাক্ষর করল ভারতীয় সেনাবাহিনী।
14. Animal Blood Banks -এর জন্য প্রথম জাতীয় নির্দেশিকা চালু করা বিশ্বব্যাপী প্রথম দেশ হল ভারত।
15. মধ্যপ্রদেশের শেওপুর এবং সিংগ্রাউলিতে দুটি নতুন সরকারি মেডিকেল কলেজের উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী জেপি নাড্ডা।
16. ভারত-থাইল্যান্ড যৌথ সামরিক মহড়া মৈত্রী 2025-এর 14তম সংস্করণ মেঘালয়ে শুরু হচ্ছে। এই দুই সপ্তাহব্যাপী মহড়া 14 সেপ্টেম্বর পর্যন্ত চলবে। এই ব্যাপক মহড়ায় সন্ত্রাসবাদ বিরোধী পরিবেশে অফিসারদের বিনিময় এবং যৌথ অভিযান পরিচালনা করা হবে।

আন্তর্জাতিক ঘটনাবলি

1. 25তম সাংহাই সহযোগিতা সংস্থার (SCO Summit) শীর্ষ সম্মেলন 31 আগস্ট থেকে 01 সেপ্টেম্বর পর্যন্ত চীনের তিয়ানজিনে শুরু হল। এই বৈঠকে সভাপতিত্ব করছে চিন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই সম্মেলনে অংশগ্রহণ করেছেন।
2. Ryt Bank নামে বিশ্বের প্রথম AI-powered Bank চালু করলো মালয়েশিয়া।
3. ওমান উপসাগরে "Sustainable Power 1404" নামে ক্ষেপণাস্ত্র মহড়া পরিচালনা করল ইরান।
4. বার্বাডোসের ব্রিজটাউনে অনুষ্ঠিত 68তম Commonwealth Parliamentary Conference -এ ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন লোকসভার স্পিকার ওম বিড়লা।
5. First International Pali Conference অনুষ্ঠিত হল শ্রীলঙ্কার ক্যান্ডিতে।
6. ভারতীয় কর্মীদের জন্য 10 লক্ষ চাকরির স্লট খুলেছে রাশিয়া।
7. লিথুয়ানিয়ার নতুন প্রধানমন্ত্রী হিসেবে নিযুক্ত হলেন Inga Ruginiene. (লিথুয়ানিয়ার রাজধানীর নাম Vilnius, মুদ্রার নাম ইউরো)।

নিয়োগ

1. Reserve Bank of India (RBI) বোর্ড Monetary Policy Committee (MPC)-এর নতুন সদস্য হিসেবে ইন্দ্রনীল ভট্টাচার্যকে নিযুক্ত করল।
2. Payments Council of India-এর চেয়ারপার্সন হিসেবে পুনরায় নির্বাচিত হলেন বিশ্বাস প্যাটেল। PCI-একটি অলাভজনক শিল্প সংস্থা, ভারতে নন-ব্যাংকিং ডিজিটাল পেমেন্ট কোম্পানিগুলির প্রতিনিধিত্ব করে। এটি ইন্টারনেট অ্যান্ড মোবাইল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া (IAMAI)-এর তত্ত্বাবধানে ডিজিটাল পেমেন্ট ইকোসিস্টেমের বৃদ্ধির প্রচারের জন্য প্রতিষ্ঠিত।
3. Boxing Federation of India -এর প্রেসিডেন্ট পদে তৃতীয়বার পুনরায় নির্বাচিত হলেন অজয় সিং। 2016 সালে প্রতিষ্ঠিত, গুরুগ্রাম-স্থিত এই সংস্থাটি ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশন (IOA) এবং ওয়ার্ল্ড বক্সিং (World Boxing) কর্তৃক স্বীকৃত এবং ভারতে জাতীয় ও আন্তর্জাতিক বক্সিং খেলা আয়োজন ও প্রচারের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত।
4. Food Safety and Standards Authority of India (FSSAI) -এর নতুন CEO হিসেবে নিযুক্ত হলেন সিনিয়র IAS অফিসার রজিত পুনহানি। 2008 সালে এই সংস্থা প্রতিষ্ঠিত হয়, সদর দপ্তর নিউ দিল্লিতে অবস্থিত।
5. Rail Vikas Nigam Limited (RVNL) কোম্পানির CMD হিসেবে অতিরিক্ত দায়িত্ব গ্রহণ করলেন IRSE অফিসার এস সি জৈন।
6. Nayara Energy -এর নতুন CEO হিসেবে নিযুক্ত হলেন Teymur Abasgulyev.
7. Grihum Housing Finance -এর MD এবং CEO হিসেবে নিযুক্ত হলেন অর্জুন চৌধুরী।
8. New Development Bank -এর ভাইস প্রেসিডেন্ট এবং Chief Risk Officer হিসেবে নিযুক্ত হলেন RBI- এর Executive Director রাজীব রঞ্জন।
9. সশস্ত্র সীমা বল (SSB)-এর নতুন মহাপরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন সঞ্জয় সিংহল। নেপাল ও ভুটানের সাথে ভারতের সীমান্ত রক্ষা করে এই বাহিনী।
10. সংযুক্ত আরব আমিরাতের ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসেবে নিযুক্ত হয়েছেন ডঃ দীপক মিশ্র। তিনি 1998 ব্যাচের ইন্ডিয়ান ফরেন সার্ভিসেস অফিসার।

পুরস্কার

1. Busan International Film Festival (BIFF) 2025-এর ভিশন বিভাগের জন্য আনুষ্ঠানিকভাবে নির্বাচিত হয়েছে ত্রিবেণী রাই পরিচালিত প্রথম ফিচার চলচ্চিত্র 'Shape of Momo'. এটি সিকিমের চলচ্চিত্র এবং নেপালি ভাষার পূর্ণাঙ্গ চলচ্চিত্র।
2. PFA Men's Player of the Year Award 2024-25 জিতলেন ইজিপ্টের Mohamed Salah এবং Women's Player of the Year Award 2024-25 জিতলেন স্পেনের Mariona Caldentey.

দিন/থিম

1. বিশিষ্ট হকি খেলোয়াড় মেজর ধ্যানচাঁদের জন্মবার্ষিকী উপলক্ষে জাতীয় ক্রীড়া দিবস পালন করা হয় 29 আগস্ট। খেলাধুলা এবং শারীরিক ক্রিয়াকলাপের গুরুত্বের উপর জোর দেওয়া এবং প্রসারের জন্য এই দিবস পালিত হয়। বর্তমানে কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী পদে রয়েছেন মনসুখ মান্ডভিয়া।

খেলাধুলা

1. U20 World Wrestling Championships 2025-এ ভারতের হয়ে প্রথম স্বর্ণ পদক জিতলেন ভারতীয় কুস্তিগীর তপস্যা গেহলট।
2. 2025 সালে FIBA U19 World Championship, FIBA Women's World Cup এবং World Table Tennis Series event-এই তিনটি বৃহৎ আন্তর্জাতিক ক্রীড়া ইভেন্ট আয়োজন করবে আহমেদাবাদ।
3. প্রথম ভারতীয় মহিলা কম্পাউন্ড তীরন্দাজ হিসেবে World Youth Championships -এ ব্যক্তিগত Junior World Title জিতলেন চিকিথা তানিপাথী।
4. কানাডায় অনুষ্ঠিত World Youth Archery Championships-এ স্বর্ণ পদক জিতলেন ভারতীয় শ্যুটার শবরী সোমনাথ শিন্ডে।
5. Asian Shooting Championship 2025-এ 10 মিটার এয়ার রাইফেল মিশ্র দলগত ইভেন্টে স্বর্ণ পদক জিতলেন ভারতীয় শ্যুটার এলাভেনিল ভালারিভান এবং অর্জুন বাবুতা।
6. 18th International Olympiad on Astronomy and Astrophysics (IOAA 2025) অনুষ্ঠিত হল মুম্বাইয়ে। এই প্রতিযোগিতায় ভারত 4 টি সোনা এবং 1 টি রূপো-সহ মোট 5 টি পদক জিতেছে।
7. Commonwealth Weightlifting Championships 2025 -এ মহিলাদের 48 কেজি বিভাগে স্বর্ণ পদক জিতলেন ভারতের মীরাবাই চানু।
8. 2025 World Youth Archery Championships -এ পদক তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে ভারত। 04 টি সোনা, 02 টি রূপো, 02 টি ব্রোঞ্জ-সহ মোট 08 টি পদক জিতেছে ভারত।
9. নিউ দিল্লীতে Hockey Men's Asia Cup 2025 Trophy উন্মোচন করলেন কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী শ্রী মনসুখ মান্ডাভিয়া।
10. সম্প্রতি IPL থেকে অবসর নিলেন ভারতীয় ক্রিকেটার রবিচন্দ্রন অশ্বিন।
11. 2025 FIDE Chess World Cup আয়োজিত হতে চলেছে গোয়াতে।
12. সুইজারল্যান্ডের জুরিখে অনুষ্ঠিত ডায়মন্ড লিগে দ্বিতীয় স্থান অর্জন করেছেন ভারতীয় জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়া।

প্রকল্প/পরিষেবা

1. Yamuna Water Pipeline Project-এর জন্য MoU স্বাক্ষর করল হরিয়ানা এবং রাজস্থান। এই প্রকল্পের অধীনে হরিয়ানার হথনিকুন্ড থেকে চুরু, সিকার, বুনবুনা এবং রাজস্থানের অন্যান্য জেলায় ভূগর্ভস্থ পাইপলাইনের মাধ্যমে যমুনার জল স্থানান্তর করা হবে।
2. 'Adi Karmayogi Abhiyan' নামে বিশ্বের বৃহত্তম Tribal Grassroots Leadership Programme চালু করেছে কেন্দ্রীয় আদিবাসী বিষয়ক মন্ত্রক।
3. টোল প্লাজা কর্মীদের সন্তানদের শিক্ষার জন্য 'Aarohan' প্রকল্প চালু করেছে National Highways Authority of India.

বাণিজ্য এবং অর্থ ব্যবস্থা

1. ভারতের প্রথম পাবলিক সেক্টর ব্যাঙ্ক হিসেবে তাদের কর্পোরেট ওয়েবসাইটকে '.bank.in' ডোমেনে স্থানান্তরিত করল পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক (PNB).
2. 2025-26 অর্থবছরের প্রথম ত্রৈমাসিকে ভারতের জিডিপি 7.8% হারে বৃদ্ধি পেয়েছে।
3. 2025-এর আগস্ট মাসে মোট GST সংগ্রহের পরিমাণ 1.86 লক্ষ কোটি টাকা।
4. সাম্প্রতিক রিপোর্ট অনুযায়ী, অর্থবছর 2025 পর্যন্ত Asset Monetisation-এর মাধ্যমে 1.42 লক্ষ কোটি টাকা সংগ্রহ করেছে ভারত।
5. 30 সেপ্টেম্বর পর্যন্ত কাঁচা তুলা আমদানির উপর থেকে 11 শতাংশ শুল্ক স্থগিত করেছে কেন্দ্রীয় অর্থ মন্ত্রণালয়।
6. বিভ্রান্তিকর বিজ্ঞাপনের জন্য Rapido কে 10 লক্ষ টাকা জরিমানা করেছে CCPA. সম্প্রতি Rapido তাদের অ্যাডভার্টাইজে "5 মিনিটে অটো, নইলে ₹50 ফেরত" এবং "গ্যারান্টিযুক্ত গাড়ি" কথাগুলি উল্লেখ করেছে। প্রতিশ্রুত ₹50 ক্ষতিপূরণ আসল মুদ্রায় ছিল না বরং র‍্যাপিডো কয়েনে ছিল এবং "₹50" হিসেবে দেখানো হয়েছিল কিন্তু বাস্তবে এটি "₹50 পর্যন্ত" ছিল, "T&C Apply" বাক্যাংশটি ছোট ফন্টে দেখানো হয়েছিল, যা বিভ্রান্তিকর বিজ্ঞাপন এবং অনুমোদন প্রতিরোধের নির্দেশিকা, 2022 লঙ্ঘন করে।
7. শিক্ষার্থী এবং শিক্ষকদের সহায়তার জন্য ভারতের প্রথম Learning Accelerator লঞ্চ করল OpenAI.

8. 'e VITARA' নামে Maruti-Suzuki কোম্পানির প্রথম ব্যাটারি চালিত ইলেকট্রিক গাড়ি উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। 2031 সালের মধ্যে ভারতে 70,000 কোটি টাকা বিনিয়োগ করবে Suzuki কোম্পানি।

বই ও লেখক

1. "Secession of the Successful: The Flight Out of New India" শিরোনামে বই লিখলেন সঞ্জয় বারু।

মৃত্যু বার্তা

1. সম্প্রতি 94 বছর বয়সে প্রয়াত হলেন ভারতীয় বংশোদ্ভূত, ব্রিটিশ ব্যবসায়ী, সমাজসেবী এবং ক্যাপারো গ্রুপ লিমিটেডের প্রতিষ্ঠাতা-চেয়ারম্যান লর্ড স্বরাজ পাল।